



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [info@nhrc.org.com](mailto:info@nhrc.org.com)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/-২৩৯/১২-১১২

তারিখ: ৩০ অক্টোবর ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

গণমাধ্যমে প্রকাশিত লালমনিরহাটে ধর্ম অবমাননার নামে এক ব্যক্তিকে পিটিয়ে এবং আগুনে পুড়িয়ে হত্যার ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকর্ষণ হয়। কমিশন মনে করে, ঘটনাটি অত্যন্ত স্পর্শকাতর। মত প্রকাশের স্বাধীনতার নামে ধর্মকে অবমাননা করার অধিকার যেমন কারো নেই; তেমনি আইন নিজের হাতে তুলে নিয়ে কাউকে হত্যা করার অধিকারও কাউকে দেওয়া হয়নি। নিহত ব্যক্তিটি ভারসাম্যহীন ছিলেন কিনা এবং প্রকৃতপক্ষে ধর্ম অবমাননা করেছিলেন কিনা তা খতিয়ে দেখে আইনের আওতায় বিষয়টি সমাধান করা সমীচীন ছিল মনে করে কমিশন। একটি সভ্য সমাজে আইন নিজের হাতে তুলে নিয়ে গণপিটুনি এবং আগুনে পুড়িয়ে দিচ্ছে বর্বর হত্যাকাণ্ড মানবাধিকারের চরম লঙ্ঘন যা কখনোই গ্রহণযোগ্য নয়। কমিশন থেকে এই ঘটনার প্রকৃত তথ্য উদঘাটনের জন্য কমিশনের পরিচালক (অভিযোগ ও তদন্ত)জনাব আল-মাহমুদ ফায়জুল কবীর (জেলা ও দায়রা জজ) এর নেতৃত্বে দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ